

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2018

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো পুরো স্টেটে কর ফাঁকি ও কল্যাণ জালিয়াতি ঠেকাতে 13.5 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

স্টেটের "ক্রাইমস এগেইনস্ট রেভেনিউ প্রোগ্রাম-এর (Crimes Against Revenue Program, CARP)" মাধ্যমে 29টি কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নিকে অনুদান তহবিল প্রদান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে পুরো স্টেটে 29টি কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসকে 13.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করা হবে যাতে তারা স্টেটের কর ফাঁকি ও কল্যাণ জালিয়াতি মামলার তদন্তের ক্ষেত্রে উন্নয়ন অব্যাহত রাখতে পারে। অনুদানগুলি প্রদান ক্রাইমস এগেইনস্ট রেভেনিউ প্রোগ্রামের মাধ্যমে প্রদান করা হবে, যা সমর্থিত হয় তদন্ত ও তার ফলাফল হিসেবে স্টেট যেই কর রেভেনিউ, জরিমানা ও ক্ষতিপূরণ পায় তার দ্বারা।

"কঠোর পরিশ্রমী নারী-পুরুষের কাছ থেকে কিছু চুরির ব্যাপারে নিউ ইয়র্ক কোন ছাড় দেয় না এবং যারা সিস্টেমকে ফাঁকি দেয় তাদের ধরার জন্য আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করতে থাকবো", **গভর্নর কুওমো বলেছেন।** "এই তহবিল পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীকে রক্ষা করতে প্রসিকিউটরদের সাহায্য করবে এবং দায়ী ব্যক্তিদের জবাবদিহি করতে বাধ্য করবে।"

CARP হল স্টেটের কর ও অর্থায়ন অধিদপ্তর (State Department of Taxation and Finance) এবং ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের (Division of Criminal Justice Services) একটি যৌথ উদ্যোগ, এটি তাদের উদ্দেশ্যে বানানো যারা ইচ্ছাকৃতভাবে কর প্রদান করে না এবং যারা মেডিকেইড, কল্যাণ, বেকার ও কর্মীদের ভাতাপ্রাপ্তির ক্ষেত্রে জালিয়াতি করে। কর ও অর্থায়ন অধিদপ্তর প্রোগ্রামটির কারিগরি সহায়তা প্রদান এবং তদন্তের জন্য মামলা সনাক্ত করার ক্ষেত্রে বিশেষজ্ঞ হিসেবে কাজ করে এবং ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশন অনুদানের তহবিলটি পরিচালনা করে।

অনুদান সেইসব কর্মকর্তাদের তহবিল দান করে যারা প্রসিকিউশনের জন্য মামলা তৈরি করে, এদের মধ্যে রয়েছে ফরেনসিক অ্যাকাউন্টেন্ট, তদন্তকারী এবং সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি। কোনো ব্যক্তি, কর্পোরেশন বা শিল্প আবগারি শুল্ক, বিক্রয় কর এবং আয়কর সহ যেকোনো ধরনের কর প্রদানে ব্যর্থ হলে CARP তা তদন্ত করে, এর মধ্যে বড় অপরাধী সঙ্ঘের করা জটিল আর্থিক জালিয়াতি বা কর চুরির পরিকল্পনা অন্তর্গত হতে পারে।

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের নির্বাহী ডেপুটি কমিশনার মাইকেল সি. গ্রিন বলেন, "2004 সালে স্থাপিত হওয়ার পর থেকে, CARP পুরো স্টেটের ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের প্রয়োজনীয় তহবিল এবং জটিল ও বিশেষ বিশেষ মামলা তদন্ত ও প্রসিকিউট করতে তাদের সাহায্য করেছে। সিস্টেমকে এবং নিউ ইয়র্কের সং

করদানকারীদের ফাঁকি দিতে চায় এমন ব্যক্তিদের সনাক্ত ও বিচার করার জন্য এই সম্মিলিত প্রচেষ্টার অংশ হতে পেরে আমরা গর্বিত।"

কর ও অর্থায়ন অধিদপ্তরের এর ভারপ্রাপ্ত কমিশনার ননি ম্যানিয়ন বলেন, "CARP আমাদের অপরাধ তদন্তে আরো পেশীর জোর যোগ করে, আমরা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যেই ফলপ্রদ অংশীদারিত্ব তৈরি করেছি তা মজবুত করতে আমাদের সাহায্য করে। কর ফাঁকির বিচার করার জন্য এজেন্সির সতর্ক এবং অব্যাহত চেষ্টার এটি একটি গুরুত্বপূর্ণ উপাদান।"

আজকের ঘোষণা অনুযায়ী যেই 29টি কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস অনুদান পেয়েছে তারা 2016 সাল থেকেই ক্রাইমস এগেইনস্ট রেভেনিউ প্রোগ্রাম-এর মাধ্যমে তহবিল পেয়ে আসছে। যদিও শুধু এই অফিসগুলিই তহবিলের জন্য আবেদন করার উপযুক্ত ছিল, তারা আগের সমান অর্থ পাবে কিনা তা নিশ্চিত ছিল না। অনুদানগুলি 2019 সালের ডিসেম্বরে শেষ হবে কিন্তু দুই বছর পর্যন্ত নবায়ন করা যাবে।

নিউ ইয়র্ক শহর

- ব্রক্স: \$692,300
- কিংস (ব্রুকলিন): \$802,600
- নিউ ইয়র্ক (ম্যানহাটন): \$5,000,000
- কুইন্স: \$1,491,400
- রিচমন্ড (স্ট্যাটেন আইল্যান্ড): \$256,210

লং আইল্যান্ড

- নাসাউ কাউন্টি: \$633,399
- সাফোক: \$1,605,500

মধ্য-হাডসন

- অরেঞ্জ: \$112,810
- রকল্যান্ড: \$357,600
- আলস্টার: \$143,600
- ওয়েস্টচেস্টার: \$278,100

ক্যাপিটাল রিজিয়ন

- অ্যালবেনি: \$299,710
- রেনসেলার: \$102,800
- সারাটোগা \$118,900
- স্কেনেকটেডি: \$130,000
- ওয়ারেন: \$59,600
- ওয়াশিংটন: \$36,200

মোহক ভ্যালি

- মন্টগোমারি: \$28,600

- ওনিডা: \$160,878

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- ক্যাণ্ডা: \$80,000
- ম্যাডিসন: \$67,000
- ওননডাগা: \$111,110

সাউদার্ন টায়ার

- সেমাং: \$64,170
- স্টুবেন: \$40,400

ফিঙ্গার লেকস

- ওন্টারিও: \$92,100
- মনরো: \$208,000

পশ্চিম নিউ ইয়র্ক

- শাটোকুয়া: \$65,000
- ইরি: \$414,100
- নায়াগ্রা: \$68,810

নিউ ইয়র্ক স্টেটের ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশনের (www.criminaljustice.ny.gov) অনেক ধরনের দায়িত্ব আছে, তার মধ্যে আইন প্রয়োগ প্রশিক্ষণ; পুরো প্রদেশের অপরাধ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধ ইতিহাস তথ্য ও আঙুলের ছাপের ফাইল রক্ষণাবেক্ষণ; নিউ ইয়র্ক প্রদেশের পুলিশের সাথে অংশীদারিত্বে প্রদেশের DNA ডাটা ব্যাংকের প্রশাসনিক তত্ত্বাবধান; প্রবেশন ও কমিউনিটি সংশোধন প্রোগ্রামের অর্থায়ন ও তত্ত্বাবধান; ফেডারেল ও প্রদেশের অপরাধ ন্যায়বিচার তহবিলের প্রশাসন; প্রদেশজুড়ে অপরাধ ন্যায়বিচার - সম্পর্কিত এজেন্সিদের সমর্থন প্রদান; এবং প্রদেশের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি এর প্রশাসন অন্তর্ভুক্ত।

নিউ ইয়র্ক স্টেটের কর ও অর্থায়ন অধিদপ্তরের (www.tax.ny.gov) বার্ষিক 25 মিলিয়ন আয়কর রিটার্ন প্রক্রিয়া করে এবং স্টেট ও স্থানীয় রেভিনিউ হিসেবে বার্ষিক 90 বিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)